

BBC Learning English

Sounds of English

Linking: consonants-vowels



Senjuti: Hello! Sounds of English আসরে আপনাদের স্বাগত জানাচ্ছি আমি সৈঁজুতি মাসুদ। আমার সাথে রয়েছেন জ্যাকি ডালটন।

Jackie: Hello!

Senjuti: এবং অবশ্যই আমাদের Sounds of English practice Group!

Group: Hello!

Senjuti: কখনো কখনো কোন ইংরেজিভাষীকে দ্রুত কথা বলতে শুনলে হয়তো আপনি তার প্রতিটি শব্দ আলাদা করে নাও বুঝতে পারেন। লিখিত ইংরেজিতে আপনি যেমন শব্দের মধ্যকার ফাঁকা স্থান গুলো দেখে এদেরকে আলাদা করতে পারেন, কথ্য ইংরেজিতে কিন্তু সেরকম হয় না। এক্ষেত্রে একটি শব্দ অন্যটির সাথে যুক্ত হয়ে যেতে পারে এবং এদের আলাদা শব্দ হিসেবে বুঝতে পারাও বেশ কঠিন হয়ে পড়ে। চলুন একটি phrase শুনুন

Jackie: a cup of tea

Senjuti: এখানে চারটি শব্দ আছে।

Jackie: a, cup, of, tea

Senjuti: কিন্তু যখন আমরা এদের সবাইকে একসাথে একটি বাক্যের অংশ হিসেবে বলব, তখন কিন্তু অন্য একটি ব্যপার ঘটবে। আমরা শব্দগুলোকে পরস্পরের সাথে জুড়ে দেব।

—

Jackie: a cupevtea

Senjuti: এখানে যা হয়েছে সেটাকে আমরা ইংরেজিতে বলি 'linking' কিন্তু আজকে আমরা দেখবো consonant এর সাথে vowel এর linking. যখন কোন শব্দ consonant ধ্বনি দিয়ে শেষ হয়, যেমন cup এরপর একটি শব্দ আসে যেটার শুরুর ধ্বনিটি vowel যেমন of ,তখন দুটোকে একটি শব্দ মনে হয়।

Jackie: Cup of

Senjuti: হয়ে যাচ্ছে

Jackie: cupev
cupev
a cupev tea

Senjuti: সচরাচর যেকোন সাধারণ ইংরেজি বক্তব্যেই এরকম উদাহরণ পেতে পারি আমরা। এই phrase টি শুনুন।

Jackie: Good idea.

Senjuti: যখন এদেরকে আলাদা ভাবে লিখে বলা হচ্ছে, তখন শব্দগুলো শোনাবে এরকম

Jackie: good, idea

Senjuti: কিন্তু যখনই এদুটোকে একসাথে বলা হচ্ছে দেখুন কিকরে /d/

Jackie: good

Senjuti: জুড়ে গেল এবং হয়ে গেল

Jackie: /ai/

Senjuti: ধ্বনটির সাথে সাথে, যেটি আসছে এই শব্দের শুরুতে

Jackie: idea
good idea
good idea
good idea

Senjuti: চলুন আরেকটি phrase দিয়ে চেষ্টা করা যাক

Jackie: get up

Senjuti: আলাদা করে লিখলে শোনাবে এরকম

Jackie: get, up

Senjuti: কিন্তু এখানেও প্রথম শব্দটি পরের শব্দের শুরুরটুকুর সাথে মিশে যাবে এবং এটা শোনাতে এরকম।

Jackie: get up
get up
get up

Senjuti: এবার চলুন সবাই একসাথে করি consonant গুলোর এর সাথে vowel গুলো Link করুন!

Jackie with group repeating

get up (x2)
good idea (x2)
a cup of tea (x2)

Jackie: Well done!

Senjuti: Join us again soon for more Sounds of English! Goodbye!

All: Goodbye!